**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ শাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৭.২০.৮৬২ তারিখ: ২১ কার্তিক ১৪৩১ / ০৬ নভেম্বর ২০২৪

**বিষয়: ভূমি মন্ত্রণালয়ের অধীন ব্যবস্থাপনা বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের মধ্যে যাদের একই কর্মস্থলে ০৩ বছরের অধিক কার্যকাল অতিবাহিত হয়েছে, তাদের কর্মস্থল পরিবর্তন/বদলি সংক্রান্ত।**

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এর স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১৯.০১৮.১৫. ১০৬, তারিখ: ১০-০২-২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ স্মারকে ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রের ০৩ (খ) নম্বর নির্দেশনা নিম্নরূপ:

**"তিন বৎসরের অধিককাল কর্মরত কোন কর্মচারীকে কোন অবস্থাতেই একই কর্মস্থলে একই শাখায় পদায়ন না করা"**

০২। উক্ত নির্দেশনার আলোকে ভূমি মন্ত্রণালয়ের অধীন ব্যবস্থাপনা বিভাগের মাঠ পর্যায়ে কর্মরত কানুনগো, সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাগণের মধ্যে যে সমস্ত কর্মচারীদের একই কর্মস্থলে তিন বৎসরের অধিককাল অতিবাহিত হয়েছে, তাদের কর্মস্থল পরিবর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, মাঠ পর্যায়ে ভূমি পরিসেবায় স্বচ্ছতা, দক্ষতা এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে এবং ভূমি পরিসেবায় জনদুর্ভোগ ও হয়রানি পরিহারের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের অধীন ব্যবস্থাপনা বিভাগের মাঠ পর্যায়ে কর্মরত কানুনগো, সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাগণের মধ্যে যে সকল কর্মচারীগণ একই কর্মস্থলে তিন বৎসরের অধিককাল কর্মরত আছেন, তাদের কর্মস্থল পরিবর্তন/অন্যত্র বদলি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ (এক) পাতা।

(হেমন্ত হেনরী কুবি)
উপসচিব
ফোন: ০২ ২৩৩ ৫২০
ই-মেইল: fa1@minland.gov.bd

০১। বিভাগীয় কমিশনার (সকল)।
০২। জেলা প্রশাসক (সকল)।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৭.২০.৮৬২/৭২ (১০) তারিখ: ২১ কার্তিক ১৪৩১ / ০৬ নভেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব, মাঠ প্রশাসন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। অফিস/মাস্টার কপি।

০৬/১১/২০২৪

(হেমন্ত হেনরী কুবি)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২ (মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১৯.০১৮.১৫. ১৫৬

তারিখ: ২৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়: মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনে কর্মরত কর্মচারীদের বদলি সংক্রান্ত।**

ভূমির বিষয়টি আমাদের জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে সংশ্লিষ্ট। ফলে ভূমি ব্যবস্থাপনা সুষ্ঠু, স্বচ্ছ ও জনবান্ধব হওয়া জরুরি। এ লক্ষ্যে সরকার ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়ন ও সেবা প্রদান পদ্ধতি সহজীকরনে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছে। সরকারি কর্মচারীগনের মাধ্যমে এসব সেবা প্রদান করা হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় কর্মচারী একই কর্মস্থলে দীর্ঘদিন যাবৎ কর্মরত রয়েছেন। এতে কোন কোন কর্মচারীর বিভিন্ন অনিয়মের সঙ্গে জড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। উহা সুশাসন প্রতিষ্ঠার অন্যতম অন্তরায়।

০২। ব্যবস্থাপনা ও জরিপ (Management and Settlement) বিভাগে নিয়োজিত কর্মচারীদের একই পদ কিংবা একই কর্মস্থলে তিন বছর মেয়াদ পূর্ণ হলে বাস্তব অবস্থা বিবেচনায় সাধারণত অন্যত্র বদলি করার রেওয়াজ রয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৭-২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.৩৫.০৩৭.২০১৫-১৯১ নম্বর স্মারকে মাঠ পর্যায়ে একই পদে তিন বছরের অধিককাল যাবৎ নিয়োজিত কর্মচারীকে বাস্তব অবস্থাভেদে অন্যত্র বদলি করার নির্দেশনা রয়েছে। তাছাড়া, ভূমি মন্ত্রণালয়ের ২৫/০১/২০১৫ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০৫৯.১৪-৫৩ নম্বর পরিপত্রেও ৩ (তিন) বছরের অধিককাল একই কর্মস্থলে কর্মরত থাকা যাবে না মর্মে নির্দেশনা রয়েছে। এর পরেও মাঠ পর্যায়ে কোন কোন কর্মচারী বছরের পর বছর একই কর্মস্থলে অবস্থান করছেন যা কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত প্রেক্ষাপটে ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের ভূমি রাজস্ব প্রশাসন ও জরিপ অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদেরকে একই পদ কিংবা কর্মস্থল হতে অন্যত্র বদলির ক্ষেত্রে নিম্নোল্লিখিত বিষয়গুলি অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

ক) মাঠ পর্যায়ে ভূমি রাজস্ব প্রশাসন ও জরিপ বিভাগে কর্মরত কর্মচারীদের পর্যায়ক্রমে সকল বিষয়ে কাজ করার সুযোগ দেওয়া যেতে পারে;

খ) তিন বৎসরের অধিককালকর্মরত কোন কর্মচারীকেকোন অবস্থাতেই একই কর্মস্থলে একই শাখায় পদায়ন না করা;

গ) দুর্গম/ প্রতিকূল যোগাযোগসম্পন্ন এলাকায় কর্মরত কর্মচারীদের চাকরির মেয়াদ দুই বছর হলেই তাকে অন্যত্র বদলি করা যাবে;

ঘ) শারীরিক অসুস্থতা বা নৈতিক স্খলনজনিত বা সুনির্দিষ্ট/যুক্তিসঙ্গত কারণে নির্ধারিত সময়ের পূর্বে কোন কর্মচারীকে অন্যত্র/আন্ত:জেলা বদলি করা হলে জেলা প্রশাসক ক্ষেত্রমতে বিভাগীয় কমিশনার বদলির কারণ ৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন আকারে ভূমি মন্ত্রণালয়ে দাখিল করবেন এবং

ঙ) জনস্বার্থে মন্ত্রণালয় যে কোন সময় যে কোন কর্মচারীকে বদলির ক্ষমতা সংরক্ষণ করে।

১০/০২/১৯

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
ভারপ্রাপ্ত সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন নম্বর: +৮৮-০২-৯৫৪৫১৩১
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৪০০২৫
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা
৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার...................... (সকল)।
৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
৬। জেলা প্রশাসক............................ (সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার..................... (সকল)।
৮। সহকারী কমিশনার............................. (সকল)।